

## মরিশাসে প্রধানমন্ত্রীর সফর (11-12 মার্চ, 2025)

07 মার্চ, 2025

মরিশাসের প্রধানমন্ত্রী ড. নবীনচন্দ্র রামগুলামের আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 2025 সালের 11-12 মার্চ মরিশাসে একটি রাষ্ট্রীয় সফর করবেন, সেখানে 12 মার্চ মরিশাসের জাতীয় দিবস উদযাপনে তিনি প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন। ভারতীয় নৌবাহিনীর একটি জাহাজ-সহ ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর একটি দল এই উদযাপনে অংশগ্রহণ করবে। 2015 সালে প্রধানমন্ত্রী শেষ মরিশাস সফরে গিয়েছিলেন।

2. সফরের সময় প্রধানমন্ত্রী মরিশাসের রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করবেন, প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করবেন এবং মরিশাসে রাজনৈতিক দলের প্রবীণ গণমান্য ব্যক্তি ও নেতাদের সঙ্গে বৈঠক করবেন। প্রধানমন্ত্রী ভারতীয় বংশোদ্ভূত সম্প্রদায়ের সদস্যদের সাথেও কথা বলবেন এবং সিভিল সার্ভিস কলেজ ও এলাকা স্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন করবেন, উভয়ই ভারতের আর্থিক অনুদানের সাহায্যে নির্মিত হয়েছে। এই সফরের সময় বেশ কয়েকটি সমঝোতা পত্র (MoU) সাক্ষর করা হবে।

3. ঐতিহাসিক বন্ধন, সাংস্কৃতিক আদান-প্রদান এবং জনসংযোগের অংশীদারিত্ব কেন্দ্র করে ভারত ও মরিশাসের মধ্যে একটি ঘনিষ্ঠ এবং বিশেষ সম্পর্ক গড়ে উঠেছে। এছাড়াও, মরিশাস ভারতের ভিশন SAGAR অর্থাৎ 'সিকিওরিটি অ্যান্ড গ্রোথ ফর অল ইন দ্য রিজিয়ন'-এর একটি গুরুত্বপূর্ণ অংশ।

4. এই সফর ভারত ও মরিশাসের মধ্যে দৃঢ় ও স্থায়ী বন্ধন নিশ্চিত করবে এবং সমস্ত ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নত করার জন্য উভয় দেশের অংশীদারিত্বকে শক্তিশালী করবে।

নয়া দিল্লি

07 মার্চ, 2025